দর্শনায় বিকাশ ও ক্যারিয়ার ডেভেলপমেন্ট বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় কিশোর কিশোরীদের নেত্রীত্ব বিকাশ ও ক্যারিয়ার ডেভেলপমেন্ট বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০টা থেকে দিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করে পরানপুর কিশোর-কিশোরী ক্লাব ও ওয়েভ ফাউন্ডেশন।

দর্শনা পৌরসভা এলাকার পরানপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। কিশোর কিশোরীদের নেত্রীত্ব বিকাশ ও ক্যারিয়ার ডেভেলপমেন্ট বিষয়ক প্রশিক্ষণে পুষ্টিকর খাবার সর্ম্পকে কিশোর কিশোরীদের ধারণা প্রদান করা হয়।

এ অনুষ্ঠানের নেত্রীত্ব স্থানীয় ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপির সিনিয়ার সহ-সভাপতি হাবিবুর রহমান বুলেট, আঞ্জুমান আরা, সাংবাদিক আওয়াল হোসেন।

এছাড়া কিশোর-কিশোরী ক্লাবের সভাপতি রিফাত ইসতিয়াক ও রাসেল হায়দারসহ ৩০ জন কিশোর-কিশোরী। প্রশিক্ষণ পরিচালনা করেন পিংকি মন্ডল।

ন্যাশনাল প্রোডাকটিভিটি অ্যাওয়ার্ড পাওযায় কেরু’জ এমডিকে ফুলেল শুভেচ্ছা

ন্যাশনাল প্রোডাকটিভিটি অ্যাওয়ার্ড পেয়েছে কেরুজ চিনিকল। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) আয়োজিত “ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এবং ইনস্টিটিউশনাল এপ্রিসিয়শেন

অ্যাওয়ার্ড ২০১৯ ট্রফি ও সনদ প্রদান করা হয়েছে।

দেশের ৩১ শিল্প কারখানার মধ্যে কেরুজ চিনিকল ২য় স্থান অধিকার করেছে। ফলে ২য় অ্যাওয়ার্ড গ্রহণ করেছেন কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবু সাঈদ। চিনি শিল্পে রাষ্ট্রয়াত্ব অ্যাওয়ার্ড পাওয়ায় দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে মিলের ব্যবস্থাপনা পরিচালক ও দর্শনা প্রেস ক্লাবের পৃষ্টপোষক মোঃ আবু সাঈদকে ফুলেল শুভেচ্ছা দেয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে তার কার্যালয়ে এ শুভেচ্ছা দেন সাংবাদিক নেতৃবৃন্দ।

এ সময় উপস্থিত ছিলেন, মিলের মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রেস ক্লাবের উপদেষ্টা শেখ শাহাব উদ্দীন, মহাব্যবস্থাপক (কৃষি) গিয়াসউদ্দিন, মহাব্যবস্থাপক (ডিস্টিলারী) ফিদাহ হাসান বাদশা, উপ-ব্যবস্থাপক আবুল ফাত্তাহ, উপ-ব্যবস্থাপক (অর্থ) জাকারিয়া, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাধারণ সম্পাদক হারুন রাজু, সহসাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মাহমুদ হাসান রণি, সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন প্রমুখ।

দামুড়হুদায় শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

দামুড়হুদা উপজেলা পরিষদের সভাকক্ষে মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদায় উপজেলা প্রশাসনের আয়োজনে গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টার সময় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, সাধারণ সম্পাদক মাহাফুজুর রহমান মন্জু, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুনসহ উপজেলা পরিষদের সকল কর্মকর্তাগণ।

চুয়াডাঙ্গা-১ আসনের সাংসদের সাথে আলমডাঙ্গায় নেতা-কর্মীদের মতবিনিময়

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গা আওয়ামী লীগের অফিসে দলীয় নেতা কর্মীদের সাথে মতবিনিয় করেছেন।

মতবিনিময় সভায় এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, আপনারা করোনা ভাইরাসের টিকা গ্রহণ করুন। সরকার বিনা পয়সায় টিকা পাঠিয়েছে আপনারা যদি টিকা না নেন তাহলে আলমডাঙ্গা উপজেলার বরাদ্ধকৃত টিকা পাশের উপজেলা নিয়ে যাবে। আপনারা টাকা থেকে বঞ্চিত হবেন।

তিনি পৌর আওয়ামী লীগের সকল স্তরের নেতা কর্মীদের অভিনন্দন জানিয়ে বলেন, আপনারা ঐক্যবদ্ধ ভাবে নৌকাকে বিজয়ী করে দলের ভাবমূর্তি উজ্জল করেছেন। নৌকার প্রার্থী উপজেলা আওয়ামী লীগের সভাপতি চতুর্থ বারের মত পৌর মেয়র নির্বাচিত হওয়ায় জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে অভিনন্দন জানান তিনি।

নবনির্বাচিত মেয়র হাসান কাদীর গনু বলেন, আমি সর্বপ্রথম প্রাণ প্রিয় নেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানাই। অভিনন্দন জানাচ্ছি আমাদের চুয়াডাঙ্গা জেলার আওয়ামী লীগের এক মাত্র ভরসা সকলের প্রাণ প্রিয় নেতা এমপি ছেলুন জোয়ার্দারকে, জেলা, উপজেলা ও পৌর আওয়ামী লীগের সকল নেতাকর্মীকে। আমি আপনাদের কাছে সত্যি ঋণি, আল্লাহর ইচ্ছায় ৪র্থ বারের মতো মেয়র নির্বাচিত করায় পৌরবাসিসহ সকলের কাছে আমি কৃতজ্ঞ। আপনারা দোয়া করবেন আমি যেন এই পৌরসভাকে মডেল পৌরসভায় রুপান্তর করতে পারি, সে জন্য

আপনারা সহযোগীতা করবেন।

উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলীর উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি প্রশান্ত অধিকারি, জেলা সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, এ্যাড. শামসুজ্জোহা, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সহিদুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, হামিদুল ইসলাম, খন্দকার শাহ আলম মন্টু, মজিবর রহমান, আমিরুল ইসলাম মন্টু, যুগ্ম-সম্পাদক কাজী রবিউল হক, সাংগাঠনিক সম্পাদক কাজী খালেদুর রহমান অরুন, জেলা নির্বাহী সদস্য শাহ আলম, আবু মুছা, সিরাজুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, যুগ্ম-সম্পাদক সাইফুর রহমান পিন্টু, উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাড. সালমুন আহম্মদ ডন,

আওয়ামী লীগ নেতা দিদার আলী, আবু সাইদ পিন্টু, মোস্তাফিজুর রহমান রুন্নু, রাহাব আলী, হাফিজুর রহমান বাবলু, আশিকুর রহমান ওল্টু, হান্নান মাস্টার, চঞ্চল মাহমুদ, নুরুল ইসলাম দিপু, তরিকুল ইসলাম, মকবুল হোসেন, আবু তাহের আবু, রকিবুল ইসলাম, মিজানুর রহমান, জয়নাল আবেদীন, সোনা উল্লা, রেজাউল হক তবা, জাহাঙ্গীর আলম, কামাল হোসেন, নবনির্বাচিত কাউন্সিলর জহুরুল হক স্বপন, আব্দুল গাফার, খন্দকার মজিবুল হক, শিপ্রা বিশ্বাস, রাবেয়া খাতুন ও মনোয়ারা খাতুন, যুবলীগ নেতা আহসান উল্লাহ, সাজ্জাদুল হক স্বপন, উপজেলা মৎসজীবী লীগের উপজেলা আহবায়ক রেজাউল হক, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, ছাত্রলীগ নেতা হাসান, সাকিব রকি প্রমুখ।

আলমডাঙ্গায় ৪র্থ তলা থেকে পড়ে শ্রমিক আহত

আলমডাঙ্গার পৌর শহরের হাইরোডে ৪র্থ তলা থেকে পড়ে একজন শ্রমিক গুরুত্বর আহত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে হাইরোডস্থ সদ্য নির্মিত জে এস টাওয়ারে কাজ করার সময় দুর্ঘটনা

বশত সে নিচে পড়ে যায়।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর থানাধীন আকুন্দবাড়ীয়া গ্রামের মিলন আলির ছেলে শামিউল (১৯) গত কয়েক দিন ধরে আলমডাঙ্গার বিসমিল্লাহ থায় গ্লাস হাউজে কাজ করছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে বিসমিল্লাহ থায় গ্লাসের পক্ষ থেকে জেএস টাওয়ারের ৪র্থ তলায় হাইরোডের দিকে গ্লাসের কাজ করছিলো। এ সময় বিল্ডিং এ বাঁশের ভাড়া ভেঙ্গে ৪র্থ তলা থেকে পড়ে যায়।

প্রথমে সে নিচে স্টান্ড করা মোটরসাইকেলে পড়ে। তারপর সে পিজ রাস্তার উপড়ে পড়ে। এ ঘটনায় সে গুরুত্বর জখম হয়। স্থানীয়রা উদ্ধার করে আলমডাঙ্গার একটি প্রাইভেট ক্লিনিকে ভর্তি করে।

দামুড়হুদায় কোভিড- ১৯ টিকাদান বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত

আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজে ওয়েভ ফাউন্ডেশন ও দামুড়হুদা উপজেলা লোকমোর্চা আয়োজনে কোভিড- ১৯ টিকাদান কর্মসূচি বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল দশ টার সময় দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সভাপতি ও আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোঃ কামাল উদ্দীন এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কর্মকর্তা আবুহেনা মোহাম্মদ জামাল (শুভ)।

এছাড়া আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা উপজেলা যুবলীগের সংগ্রামী সাধারণ সম্পাদক মোঃ হযরত আলী,সহ দামুড়হুদা উপজেলা লোকমোর্চার কমিটির সকল পর্যায়ের সদস্য বৃন্দ,সাংবাদিক বৃন্দ।

অনুষ্ঠানে কোভিড- ১৯ টিকাদান কর্মসূচি বিষয় নিয়ে আলোচনা করা হয়।

মেধাবী শিক্ষার্থীর জন্য সার্বিক সহযোগিতার হাত বাড়িয়ে দিলেন চুয়াডাঙ্গার এসপি

চুয়াডাঙ্গার পুলিশ সুপার জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে কাজ করে যাচ্ছেন চুয়াডাঙ্গা জেলা বাসীর জন্য এরই ধারাবাহিকতায় ৪জন মেধাবী শিক্ষার্থীদের সার্বিক সহযোগীতার হাত বাড়িয়ে দিলেন চুয়াডাঙ্গা জেলার মানবিক পুলিশ সুপার খ্যাত জাহিদুল ইসলাম।

বাংলাদেশ পুলিশ পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি বিভিন্ন প্রকার সামাজিক, মানবিক ও উৎসাহমূলক কার্যক্রমে ভূমিকা রেখে চলেছেন। তারই অংশ হিসেবে মানবিক পুলিশ সুপার খ্যাত জাহিদুল ইসলাম সামাজিক দায়বদ্ধতা থেকে একের পর এক গণমুখী কার্যক্রমের পাশপাশি শিক্ষা সহায়ক কার্যক্রমেও অংশগ্রহণ করে চলেছেন।

প্রতিদিন পুলিশ সুপার চুয়াডাঙ্গার কার্যালয়ে ব্যক্তিগত/পারিবারিক বিভিন্ন সমস্যা নিয়ে হাজির হন নানা শ্রেনী পেশার বিভিন্ন বয়সী মানুষ। অদ্য ১৮.০২.২০২১খ্রিঃ তারিখ ন্যাশনাল চিল্ড্রেন টাস্কফোর্স (এনসিটিএফ) সংগঠনের কয়েকজন সদস্য মেধাবী শিক্ষার্থী-
১. মায়া খাতুন, ২. শারমিন আক্তার, ৩. আউয়াল সিদ্দিকী শ্রাবণ, ৪. মোবারক হোসেন’দের সার্বিক সহযোগীতার জন্য পুলিশ সুপারের কাছে নিয়ে আসেন।

পুলিশের মানবিকতাই তাদেরকে পুলিশ সুপারের কার্যালয় পর্যন্ত টেনে নিয়ে এসেছে। পুলিশ সুপারের সামনে হাজির হয়ে তারা তাদের আর্থিক অভাবের কথা জানান। পুলিশ সুপার অত্যন্ত আন্তরিকতার সাথে শোনেন তার কথা।

মানবিক পুলিশ সুপার তাৎক্ষনিকভাবে তাদের শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের সাথে কথা বলেন এবং তাদের ভর্তি ফি ও বেতন মওকুফসহ লেখাপড়ার সুযোগ প্রদানের অনুরোধ করেন। তিনি আরো আশ্বস্ত করেন চুয়াডাঙ্গা বাসীর যেকোন প্রয়োজনে পুলিশ সুপারের দুয়ার সব সময় খোলা আছে।

পুলিশ সুপার চুয়াডাঙ্গা বলেন, সমাজের সর্বস্তরের সামর্থবান মানুষ যদি অসহায় সুবিধা বঞ্চিতদের দিকে একটু সুদৃষ্টি দেয়, তাহলে আমাদের সমাজে সুবিধা বঞ্চিতদের মুখেও হাসি ফোঁটানো সম্ভব। এসময়ে তিনি আইন-শৃঙ্খলা রক্ষাসহ সকল বিষয়ে চুয়াডাঙ্গা জেলাবাসীর সহযোগীতা কামনা করেন।

দামুড়হুদার হেমায়েতপুরে ব্যাডমিন্টন প্রতিযোগিতার উদ্বোধন

গতকাল বুধবার রাত ৮টার দিকে দামুড়হুদা উপজেলার হেমায়েতপুর গ্রামে ব্যাডমিন্টন প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

হেমায়েতপুর পল্লী মঙ্গল সংঘ ক্লাবের আয়োজনে নতিপোতা ইউনিয়ন পরিষদের ৭নং ওয়াড সদস্য শওকত আলী মালিথার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আব্দুল খালেক।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই বাকী বিল্লাহ, নতিপোতা ইউনিয়ন যুবলীগের সভাপতি কাওছার আলি, নতিপোতা ইউনিয়ন পরিষদের ৫নং ওয়াড সদস্য

জাহাঙ্গীর হোসেন।

এ সময় অতিথি ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী খেজমত আলি, মো: হযরত আলি মাল। এছাড়াও উপস্থিত ছিলেন হারুন অর রশিদ, মতিয়ার রহমান, নাঈম মাল, মাসুদ প্রমুখ।

উদ্বোধন ম্যাচ খেলেন হেমায়েতপুর ব্যাডমিন্টন একাদশ বনাম মেহেরপুর জেলার পুরন্তপুর ব্যাডমিন্টন একাদশ।

বাল্য বিয়ে পড়িয়ে কাবিননামা না দেওয়ার পায়তারা

দামুড়হুদায় বহুল আলোচিত কুতুব কাজী মোটা অংকের টাকার বিনিময়ে জয়রামপুর গ্রামের মাঠ পাড়ার আহার আলীর নাতনী সানজিদা খাতুন (১৫) ৭ম শ্রেণীর ছাত্রীর সাথে একই গ্রামের জয়রামপুর মাঠপাড়ার ডালুর ছেলে স্বাধীন(২০) সাথে ২ লক্ষ টাকা দেনমহরে বাল্য বিবাহ দেন। গত ৭ই নভেম্বর ২০ইং তারিখে কুতুব কাজীর বাড়িতে বসে এ বিবাহ দেওয়া হয় (যার ভিডিও রয়েছে)। স্বাধীন তার স্ত্রীকে নিয়ে দেড় মাস সংসার করার পর স্বাধীনসহ তার পরিবারের লোকজনের অত্যাচারে সানজিদা বাবার বাড়িতে চলে যায়।

এখন স্বাধীন ও তার পরিবারের লোকজন বলতে থাকে সানজিদার সাথে স¦◌াধীন বিয়ে করেনি। পরে সানজিদা খাতুন বাদি হয়ে চুয়াডাঙ্গা কোটে স্বাধীনের বিরোধে মামলা দায়ের করে। কোট বিয়ের কাবিননামা দেখতে চাইলে সানজিদার পরিবার কুতুর কাজীর নিকট কাবিনামা চাইলে কাজী বিয়ে দেওয়ার কথা অস্বীকার করে। এ দিকে কুতুব কাজীকে স্বাধীনের পরিবার ম্যানেজ করায় কুতুব কাজী অস্বীকার করে বলে আমি বিয়ে পড়ানি।

অথচ কাজী যখন বিয়ে পড়ায় তখন ভিডিও করে রাখে মেয়ে পক্ষের লোকজন। কুতুব কাজীর লম্বা হাত হওয়ায় ভিডিওকে তোয়ক্কা না করেই অস্বীকার করতে থাকে। কাবিনামা না দেওয়ার পায়তারা চালিয়ে আসছে চতুর এ কাজী সাহেব। এক দিকে স্বাধীন সানজিদাকে বিয়ে করে দেড় মাস সংসার করে

বিয়ের কথা অস্বীকার করছে, অন্য দিকে কাজী সাহেব বিয়ের কাবিননামা না দেওয়ার পায়তারা করছে।
তাই সানজিদার অধিকার বিয়ের কাবিনামা উদ্ধারসহ স্বাধীন ও কুতুব কাজীকে আইনের আওতায় আনবেন প্রসাশন এমটিই চাওয়া ভোক্তভোগি মহলের।

সানজিদার খালা সালমা বেগম জানান, আমার বোনের মেয়ে সানজিদাকে একজনের বাড়ি নিয়ে গিয়ে নষ্ট করে। পরে একই গ্রামের তাহাজ্জত মোড়ল স্বাধীন ও সানজিদার সাথে বিয়ে দিয়ে মীমাংসা করে। এখন গ্রামের মোড়ল তাহাজ্জত বলছে তাদের বিয়ে হয়নি। স্বাধীন কোটে বলেছে আমি বিয়ে করিনি। কুতুব কাজী বলেছে ছেলে মেয়ের বয়স হয়নি আমি কাবিনামা দিব না আপনারা যা পারেন তাই করে নেন। আমরা এখন মেয়েকে নিয়ে অসহায় হয়ে পড়েছি।

কুতুব কাজী বলেন, আমি বিয়ে পড়িয়েছি আপনাদের কাছে ভিডিও আছে তাই কি হয়েছে আমি তাদের কাবিনামা দিব না। আপনারা যা পারেন তাই করেন।

একই গ্রামের নেতা তাহাজ্জত আলি বলেন, তাদের তো বিয়ে হয়নি। বিয়ে হয়নি তো দেড় মাস সংসার করলো কিভাবে এমন প্রশ্ন করলে তিনি জানান- আমি জানিনা।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল খালেক জানান, তারা অভিযোগ করলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দর্শনায় গাঁজাসহ আটক-২

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ৩ কেজি গাঁজাসহ ২ জন আসামিকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানায় গতকাল রাত সাড়ে ৯ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে দর্শনা থানাধীন জিরাট গ্রামের মোঃ কাদের আলীর বসত বাড়ির উঠান হতে ০৩ (তিন) কেজি গাঁজাসহ ২ জনকে আটক করা হয।

আসামি হলো ০১ মোঃ হাসান আলী (২৪), পিতা-মোঃ কাদের আলী, গ্রাম জিরাট (মাঝ পাড়া), ০২ মোঃ আশরাফুল ইসলাম (৩৫) ও পিতা- মৃত শুকুর

আলী, গ্রাম জিরাট (স্কুল পাড়া) হতে আটক করা হয়। আসমি উভয়ই চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার বাসিন্দা।

পুলিশ জানায় গ্রেফতারকৃত আসামিদের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।